



Reg. No.Dha-0462

বাংলাদেশ মহিলা পরিষদ

BANGLADESH MAHILA PARISHAD

SUFIA KAMAL BHABAN

10/B/1, SEGUN BAGICHA, DHAKA-1000

Phone 9582182, Fax 9563529, website: www.mahilaparishad.org

E-mail: info@mahilaparishad.org, mparishad@gmail.com

NGOs in consultative status with the Economic and Social Council [ECOSOC] of the United Nations

তারিখ: ১৯.১০.২০২৫

বরাবর

বার্তা সম্পাদক

দৈনিক পত্রিকা ও টেলিভিশন

সংবাদ প্রকাশ ও সংবাদ প্রচারার্থে।

বিষয়: রাজধানীর ধানমন্ডির একটি বাসা থেকে এক তরুণীর বুলন্ত মরদেহ উদ্ধারের ঘটনায় গভীর উদ্বেগ ও ক্ষোভ প্রকাশ করে বাংলাদেশ মহিলা পরিষদের বিবৃতি।

আজ ১৯ অক্টোবর ২০২৫ তারিখ বিভিন্ন দৈনিক অনলাইন পত্রিকায় প্রকাশিত সংবাদ মাধ্যমে জানা যায় যে, রাজধানীর ধানমন্ডির একটি বাসা থেকে এক তরুণীর বুলন্ত মরদেহ উদ্ধারের ঘটনা ঘটেছে। অনলাইন পত্রিকাসূত্রে জানা যায়, নিহত নারী স্বর্ণময়ী বিশ্বাস অনলাইন সংবাদমাধ্যম ঢাকা স্ট্রিমের গ্রাফিক ডিজাইনার হিসেবে কর্মরত ছিলেন। সম্প্রতি কর্মক্ষেত্রে গণমাধ্যমটির বাংলা বিভাগের প্রধান আলতাফ শাহনেওয়াজ দ্বারা ওই তরুণী যৌন হয়রানির শিকার হন বলে লিখিত অভিযোগ করেন। অভিযুক্ত আলতাফ শাহনেওয়াজকে কোন প্রকার শাস্তির আওতায় না এনে গণমাধ্যমটির কর্তৃপক্ষ তাকে দায়িত্বে বহাল রাখেন। গত ১৮ অক্টোবর শনিবার সন্ধ্যার দিকে নির্যাতনের শিকার তরুণী গলায় ফাঁস দিয়ে আত্মহত্যা করেন।

যৌন হয়রানির শিকার তরুণীর আত্মহত্যার ঘটনায় বাংলাদেশ মহিলা পরিষদ গভীর উদ্বেগ ও ক্ষোভ প্রকাশ করেছে। কর্মক্ষেত্রে নারী ও তরুণীরা প্রতিনিয়ত সহকর্মীদের দ্বারা যৌন হয়রানির শিকার হচ্ছে যা তাদের স্বাভাবিক জীবন-যাপন ব্যাহত করার পাশাপাশি মানসিকভাবে তাদের বিপর্যস্ত করে তুলছে। সহিংসতার ঘটনায় বিচার না পেয়ে তারা আত্মহত্যার দিকে ঝুঁকে পড়ছে যা নারীদের নিরাপত্তাকেও প্রশ্নবিদ্ধ করেছে।

বাংলাদেশ মহিলা পরিষদ উপরোক্ত ঘটনায় জড়িতদের বিরুদ্ধে যথাযথ সুষ্ঠু ও নিরপেক্ষ তদন্তের মাধ্যমে আইনগত ব্যবস্থাগ্রহণ এবং শাস্তি নিশ্চিতকরণের দাবি জানাচ্ছে। নারী ও কন্যার নিরাপত্তার বিষয়টি অধিকতর গুরুত্ব সহকারে বিবেচনায় নিয়ে আশু কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের প্রতি জোর দাবি জানাচ্ছে।

বিবৃতিতে স্বাক্ষর করেন-

ডা. ফওজিয়া মোসলেম

সভাপতি

বাংলাদেশ মহিলা পরিষদ

মালেকাবানু

সাধারণ সম্পাদক

বাংলাদেশ মহিলা পরিষদ